**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট,**
**সরকারী কার্যভবন নং- ১, আগ্রাবাদ, চট্টগ্রাম।**
**E-mail- cusappealctg@gmail.com**
**Web-site- www.cevappealctg.gov.bd**

নথি নং- ২য়(৭)৪র্থ-০১/জনপ্রশাসন/আপীল/চট্ট/৮১(অংশ-২)/ তারিখ ঃ ১৫/১০ /২০১৮ খ্রিঃ।

## " নিয়োগ বিজ্ঞপ্তি "

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা এর পত্র নং- ০৮.০০.০০০০.০৩৮.১১.০২৫.১১(অংশ-৪).১২২/১(৪), তাং- ০৪/০৩/২০১৮ খ্রিঃ এর মাধ্যমে প্রদত্ত ছাড়পত্র অনুযায়ী কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, চট্টগ্রাম-এর অধীনে নিম্নবর্ণিত শুন্য পদসমূহে সরাসরি ভিত্তিতে নিয়োগের নিমিত্তে বাংলাদেশী নাগরিক এবং ৬নং কলামে বর্ণিত জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে, যথা ঃ

| ক্র: নং | পদের নাম | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১. | ক্যাশিয়ার | ১০,২০০ -২৪,৬৮০/- | ০১ | ক) যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি। খ) বাণিজ্যে স্নাতক ডিগ্রীধারীগণের ক্ষেত্রে অগ্রাধিকার। | চট্টগ্রাম, কক্সবাজার, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, বান্দরবান, নোয়াখালী, লক্ষ্মীপুর। |
| ০২. | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | ৯,৩০০ - ২২,৪৯০/- | ০২ | উচ্চ মাধ্যমিক অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা; কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে। তৎসহ কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে ওয়ার্ড প্রসেসিং/ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদি ক্ষেত্রে সর্বনিম্ন গতি নিম্নরুপ: ক) বাংলায়: প্রতি মিনিটে ২০ শব্দ। খ) ইংরেজি: প্রতি মিনিটে ২০ শব্দ। | |
| ০৩. | ঝাড়ুদার | ৮,২৫০ - ২০,০১০/- | ০১ | অষ্টম শ্রেণী পাশ । | চট্টগ্রাম, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, বান্দরবান, নোয়াখালী, লক্ষ্মীপুর। |

**০২।** যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের নিম্ন বর্ণিত ফরমেটে **স্বহস্তে লিখিত ও স্বাক্ষরিত "জীবন বৃত্তান্ত"** প্রেরণ করতে হবে। আবেদন ফরম পূরনের পূর্বে ৪ নং- ক্রমিকে বর্ণিত শার্তবলী দেখে নেওয়া প্রয়োজন।

**চাকরির আবেদন ফরম**

বরাবর,
কমিশনার,
**কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট,**
**সরকারী কার্য ভবন-০১,**
**আগ্রাবাদ, চট্টগ্রাম।**

পাসপোর্ট সাইজের ছবি (সম্প্রতি তোলা ৩ কপি)। ১ কপি আঠা দিয়ে লাগানো।

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম : | | | | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তি নম্বর : | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
| | | | | | | | | | | |
| ৩. | প্রার্থীর নাম | বাংলা: | | | | | | | | |
| | | ইংরেজী ( বড় অক্ষরে) : | | | | | | | | |
| ৪. | জাতীয় পরিচয় পত্র নম্বর: | | | | | | | | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | | | | | | | | |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৫. | জন্ম তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র | ৬. জন্ম স্থান (স্থায়ী বাসিন্দা হিসাবে জেলার নাম): |
| | | | | | | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর | মাস | দিন |
| ৮. | মাতার নাম: | | | |
| ৯. | পিতার নাম: | | | |

| | | | |
|---|---|---|---|
| ১০. | ঠিকানা : | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর): | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | |
| | ডাকঘর: | | |
| | পোস্টকোড নম্বর: | | |
| | উপজেলা: | | |
| | জেলা: | | |
| ১১. | যোগাযোগ: | মোবাইল নম্বর: | ই-মেইল (যদি থাকে): |
| | | টেলিফোন নম্বর: | |

| | | | |
|---|---|---|---|
| ১২. | জাতীয়তা: | ১৩. | জেন্ডারঃ |
| ১৪. | ধর্ম : | ১৫. | পেশা |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৬. | শিক্ষাগত যোগ্যতা: | | | | | |
| | পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ ( প্রযোজ্য ক্ষেত্রে): | | | |
| ১৯. | কোটা (টিক দিন): | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ্য করুন): |
| ২০. | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর: | তারিখ: | | |
| | ব্যাংক ও শাখার নামঃ | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা ( টিক দিন) : | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমানের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখঃ

প্রার্থীর স্বাক্ষর

০৩। আবেদন পত্র প্রেরণের সময় খামের উপর পদের নাম ও নিজ জেলার নাম লিখতে হবে এবং নিজ নাম ও ঠিকানা সম্বলিত ১০.০০ (দশ) টাকার ডাক টিকিটযুক্ত একটি ৯'' X ৪'' সাইজের ফেরৎ খাম সংযুক্ত করতে হবে।

০৪। শর্তাবলী ঃ

০১) আবেদনপত্র আগামী ১৫/১১/২০১৮ খ্রিঃ তারিখ বিকাল ০৫:০০ টা'র মধ্যে ডাকযোগে কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, সরকারী কার্যভবন-০১, আগ্রাবাদ, চট্টগ্রাম ঠিকানায় পৌঁছাতে হবে ;

০২) বিলম্বে প্রাপ্ত, অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্র দাখিলের পর কোন সংশোধনী গ্রহণযোগ্য হবে না। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না ;

০৩) সরকারী / আধা-সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এ ক্ষেত্রে আবেদনের কোন অগ্রিম কপি গৃহীত হবে না ;

০৪) আবেদনপত্রের সাথে সদ্য তোলা ০১টি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি আঠা দিয়ে লাগিয়ে দিতে হবে এবং ০২ (দুই) কপি সত্যায়িত ছবি ষ্ট্যাপল করে দিতে হবে। ছবির পিছনে প্রার্থীর নাম ও জেলার নাম লিখতে হবে। পুরাতন ছবি গ্রহণযোগ্য নয়;

০৫) কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, চট্টগ্রাম-এর অনুকূলে ১ ও ২ নং পদের ক্ষেত্রে ১০০/- (একশত) টাকার এবং ০৩ নং পদের ক্ষেত্রে ৫০/- (পঞ্চাশ) টাকার ট্রেজারী চালানের (অর্থনৈতিক কোড ঃ ১-১১৩৫-০০০১-২০৩১-তে জমাকৃত) কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। ট্রেজারী চালান বিহীন আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে ;

০৬) কোন বিশেষ কোটার বিপরীতে আবেদন করলে তা আবেদনপত্রের খামের উপর উল্লেখ করতে হবে।

০৭) নিয়োগের ক্ষেত্রে কোটা সংশ্লিষ্ট বিধিমালা ও সংক্রান্ত বিদ্যামান সরকারী নীতিমালা অনুসরণ করা হবে।

০৮ সাধারণ ও বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ১৫/১১/২০১৮ খ্রিঃ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের জন্য কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয় ;

০৯) প্রাপ্ত সকল দরখাস্ত প্রাথমিক বাছাইয়ের পর উপযুক্ত প্রার্থীগণকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রবেশ পত্র পেরণ করা হবে। জনপ্রশাসন মন্ত্রনালয়ের পরিপত্র নং-০৫.১১০.০০.০০.০৮৯.১৪.০১ তাং-২৯/১২/২০১৪ খ্রিঃ অনুযায়ী সাক্ষাৎকার/ মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত সকল প্রার্থীকে সাক্ষাৎকার/ মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি অবশ্যই উপস্থাপন করতে হবে এবং নিম্ন লিখিত সনদ পত্র সমূহের ২ (দুই) সেট সত্যায়িত কপি দাখিল করতে হবে। যথাঃ

(ক) সকল প্রকার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি ;

(খ) প্রার্থীর স্থায়ী ঠিকানা হিসাবে নিজ নিজ জেলার স্বপক্ষে ইউনিয়ন পরিষদ বা পৌরসভার চেয়ারম্যান/ ওয়ার্ড কাউন্সিলর এর নিকট হতে নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত ফটোকপি ;

(গ) জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত ফটোকপি ;

(ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র ;

(ঙ) কোন বিশেষ কোটার বিপরীতে আবেদন করলে সংশ্লিষ্ট কোটার স্বপক্ষে কোটা সংক্রান্ত উপযুক্ত কর্তৃপক্ষের প্রদত্ত সনদপত্রের অনুলিপি ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে ;

(চ) প্রার্থী মুক্তিযোদ্ধা / শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা / পুত্র-কন্যার পুত্র কন্যা হলে সেক্ষেত্রে যথাক্রমে পিতা/ মাতা/ পিতামহী/ মাতামহী মুক্তিযোদ্ধা হিসাবে প্রমাণের জন্য অনুমোদিত/ বৈধ সনদ পত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিপত্র নং ০৫.১৭০.০২২.০৭.০১.০১৪.২০১১-১৮১, তারিখ ঃ ০৯-০৫-২০১১ খ্রিঃ মোতাবেক মুক্তিযোদ্ধা / শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা সনাক্তকরণ পদ্ধতি অনুসরণ করা হবে ;

১০) শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট, স্থায়ী বাসিন্দা / নাগরিকত্ব সনদপত্রসহ প্রদত্ত যে কোন সনদ ও তথ্যাদি ভুয়া প্রমাণিত হলে আবেদনকারীর আবেদনপত্র/ নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং ফৌজদারী ব্যবস্থা গৃহীত হবে।

১১) প্রার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না ;

১২) বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা কমানো / বাড়ানো বা কাউকে নিয়োগ প্রদানের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন ;

১৩) কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই বিজ্ঞপ্তি সংশোধন/ বাতিল/ নতুন পদ যোগ করার অধিকার সংরক্ষণ করেন ;

১৪) এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ করতে কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না ; ও

১৫) এ নিয়োগ বিজ্ঞপ্তি, লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার তথ্য কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেটের ওয়েবসাইট **www.cevappealctg.gov.bd** এ পাওয়া যাবে।

২০/১০/১৮

[মোহাম্মদ এনামুল হক]
কমিশনার
ও
আহবায়ক, বিভাগীয় নির্বাচন কমিটি।